

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম কল্যাণ কেন্দ্র,  
চাষাড়া, নারায়ণগঞ্জ।  
E-Mail: lwc.chashara @ gmail.com

নং-৪০.০২.০০০০.৪০৪.২৩.০০১.২১.

তারিখঃ ৩১/০৩/২০২১ খ্রি.

বরাবর,  
মহা পরিচালক,  
শ্রম অধিদপ্তর,  
শ্রম ভবন, ঢাকা।

**বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী যথাযথযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে উদযাপন উপলক্ষে বিশেষ কর্মসূচী পালনের প্রতিবেদন।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সম্মান পূর্বক জানানো যাচ্ছে যে, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে নিম্নলিখিত দিবসসমূহ পালন করা হয়ঃ

১০ই জানুয়ারী/২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং অফিস ভবন আলোকসজ্যা করা হয়।

৭ই মার্চ, ২০২১ খ্রি. তারিখ জাতির পিতা বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ উপলক্ষে প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং অফিস ভবন আলোকসজ্যা করা হয়। পরবর্তীতে বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জের সাথে একিভূত হয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর ৭ই মার্চের যুগান্তকারী ভাষণ এবং মহান সআধীনতায়ুদ্ধে জাতির জনকের অসামান্য অবদানের উপর আলোচনায় সভা করা হয়।

১৫ই মার্চ, ২০২১ তারিখ মুজিববর্ষ উদযাপন উপলক্ষে শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া, নারায়ণগঞ্জে মানবিক সেবাদানের লক্ষে দিনব্যাপী প্রায় ৭০ জন অপ্রাতিষ্ঠানিক শ্রমিককে ফ্রি চিকিৎসা সেবা প্রদান করা হয়।

১৭ই মার্চ, ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মদিন এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং অফিস ভবন আলোকসজ্যা করা হয়। সকাল ৮.০০ ঘ. বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ এর সাথে সম্মিলিতভাবে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক প্রদানের মাধ্যমে দিবসের কর্মসূচীর শুরুর সূচনা করা হয়। পরবর্তীতে জাতির পিতা বঙ্গবন্ধুর জীবনের উপর আলোচনা সভা ও তাঁহার বিদেহী আত্মার শান্তি কামনা করে দোয়া ও মুনাজাতের মাধ্যমে দিবসের সমাপ্তি ঘোষণা করা হয়।


২৫শে মার্চ/২০২১ তারিখ কাল রাত্রি উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং সরকারী নির্দেশনা অনুসরণ করে আলোকসজ্যা করা হয় নাই।

২৬, মার্চ/২০২১ তারিখ মহান স্বাধীনতা দিবসে উদযাপন উপলক্ষে প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং অফিস ভবন আলোকসজ্যা করা হয়। পরবর্তীতে বিভাগীয় শ্রম দপ্তরের সাথে সম্মিলিতভাবে স্বাধীনতা দিবসের রেলিতে অংশ গহন করা হয়।

২৭ ও ২৮ মার্চ/২০২১খ্রি. ২ দিনব্যাপী জাতীয় উন্নয়ন মেলায় নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের চত্বরে শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া, নারায়ণগঞ্জ এর মেডিকেল টিমের মাধ্যমে ফ্রি চিকিৎসা সেবা প্রদান করা হয়।

উল্লেখ্য যে, অত্র কেন্দ্র কর্তৃক পরিচালিত ৫ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচীতে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের বিভিন্ন দিকগুলো বিষয়ভিত্তিক নিয়মিতভাবে অর্ন্তভুক্ত করা হয়েছে এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী যথাযথযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে উদযাপন উপলক্ষে বহুড়জুড়ে বিভিন্ন দিবসসমূহে শহরের বিভিন্ন দৃশ্যমান স্থানে ব্যানার ও ফ্যাস্টুন স্থাপন করা হয়েছে।

আপনার অনুগত,



(ডা. রিফাত মেহজাবীন)  
সি. মেডিকেল অফিসার(চ.দা.)  
শ্রম কল্যাণ কেন্দ্র,  
চাষাড়া,নারায়ণগঞ্জ।